



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

জেনারেল ক্রেডিট বিভাগ।

www.krishibank.org.bd

নং- বিকেবি-প্রকা/জেনক্রেবি/১(১৩)/২০২৩-২০২৪/ ১৭০৯ (২২৫১)

তারিখঃ ১২/০৫/২০২৪ খ্রি.

বিষয়ঃ বাংলাদেশ কৃষি ব্যাংকের বিভিন্ন স্তরের কর্মকর্তাদের ব্যবসায়িক ক্ষমতা ও বৈদেশিক বাণিজ্য সংক্রান্ত ব্যবসায়িক ক্ষমতা অর্পণ বিষয়ে বিগত ১২/০৯/২০২৩ তারিখে জারিকৃত পরিপত্র নং-পসবি-০৩/২০২৩ মোতাবেক ব্যবসায়িক ক্ষমতার বিপরীতে ঋণ বিতরণ কার্যক্রম ত্বরান্বিতকরণ প্রসঙ্গে।

শিরোনামে বর্ণিত বিষয় এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বর্তমান প্রতিযোগিতামূলক ব্যাংকিং ব্যবসা প্রসারের লক্ষ্যে ব্যাংকের ঋণ কার্যক্রমকে অধিকতর গতিশীল ও যুগোপযোগী করার নিমিত্ত সিএমএসএমই খাতসহ সকল খাতে ব্যবসায়িক ক্ষমতা বৃদ্ধি করে পরিপত্র নং-পসবি-০৩/২০২৩ জারী করা হয়। বর্ণিত সার্কুলারের আওতায় ঋণ বিতরণ কার্যক্রম পর্যালোচনা করার নিমিত্ত বিগত ৩১/০৩/২০২৪ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কৃষি ব্যাংক পরিচালনা পর্ষদের ৮৫৩তম সভায় বিভাগীয় মহাব্যবস্থাপক কর্তৃক নিজস্ব ব্যবসায়িক ক্ষমতার বিপরীতে বিতরণকৃত ঋণের তথ্যাদি বাংলাদেশ কৃষি ব্যাংক পরিচালনা পর্ষদের পরবর্তী সভায় উপস্থাপন করার নির্দেশনা প্রদান করা হয়।


০৩। এ প্রেক্ষিতে মাঠ কার্যালয় হতে তথ্য সংগ্রহপূর্বক বিগত ২৫/০৪/২০২৪ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কৃষি ব্যাংক পরিচালনা পর্ষদের ৮৫৪তম সভায় উপস্থাপন করা হলে পর্ষদ কর্তৃক নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

“ বাংলাদেশ কৃষি ব্যাংকের বিভিন্ন স্তরের কর্মকর্তাদের ব্যবসায়িক ক্ষমতা ও বৈদেশিক বাণিজ্য সংক্রান্ত ব্যবসায়িক ক্ষমতা অর্পণ বিষয়ে বিগত ১২/০৯/২০২৩ তারিখে জারিকৃত পরিপত্র নং-পসবি-০৩/২০২৩ মোতাবেক বিভাগীয় মহাব্যবস্থাপক কর্তৃক নিজস্ব ব্যবসায়িক ক্ষমতার বিপরীতে বিতরণকৃত ঋণের তথ্যাদি পর্ষদ অবহিত হন এবং নিজস্ব ব্যবসায়িক ক্ষমতার বিপরীতে ঋণ বিতরণে বিভাগীয় মহাব্যবস্থাপকগণের পারফরম্যান্স পর্যালোচনাপূর্বক পর্ষদ অসন্তোষ প্রকাশ করেন। এক্ষেত্রে ঋণ বিতরণের পরিমাণ সন্তোষজনক পর্যায়ে উন্নীতকরণের লক্ষ্যে মাঠ পর্যায়ে নির্দেশনা প্রদানের জন্য পর্ষদ ব্যাংক ব্যবস্থাপনাকে পরামর্শ প্রদান করেন।”

০৪। এমতাবস্থায়, বাংলাদেশ কৃষি ব্যাংকের বিভিন্ন স্তরের কর্মকর্তাদের ব্যবসায়িক ক্ষমতা ও বৈদেশিক বাণিজ্য সংক্রান্ত ব্যবসায়িক ক্ষমতা অর্পণ বিষয়ে বিগত ১২/০৯/২০২৩ তারিখে জারিকৃত পরিপত্র নং-পসবি-০৩/২০২৩ মোতাবেক নিজস্ব ব্যবসায়িক ক্ষমতার বিপরীতে ঋণ বিতরণ সন্তোষজনক পর্যায়ে উন্নীতকরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,


১২.০৫.২০২৪
(আবু সাঈদ মোঃ রওশানুল হক)

মহাব্যবস্থাপক

ফোনঃ ০২৪৭৭১১৫৩৪৪

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয়
মুখ্য কার্যালয়, ঢাকা।

উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।

সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/

আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)

বাংলাদেশ কৃষি ব্যাংক।

:০২:


বিষয়ঃ বাংলাদেশ কৃষি ব্যাংকের বিভিন্ন স্তরের কর্মকর্তাদের ব্যবসায়িক ক্ষমতা ও বৈদেশিক বাণিজ্য সংক্রান্ত ব্যবসায়িক ক্ষমতা অর্পণ বিষয়ে বিগত ১২/০৯/২০২৩ তারিখে জারিকৃত পরিপত্র নং-পসবি-০৩/২০২৩ মোতাবেক ব্যবসায়িক ক্ষমতার বিপরীতে ঋণ বিতরণ কার্যক্রম উন্নীতকরণ প্রসঙ্গে।

নং-প্রকা/জেঃক্রঃবিঃ/১(১৩)/২০২৩-২৪/ ২৭০২ (২১৩০)

তারিখঃ ঐ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি/মহানথি।



(মোহাম্মদ মঈনুল ইসলাম)

উপমহাব্যবস্থাপক

ফোনঃ ০২২২৩৩৫৮৬৮১